

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৯১

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃতের নিকট কী বলা যাবে এবং মৃতের পরিজনরা কী বলবে?□

## আরবী

وَعَنْ أَسَامَةَ بِنِ زَيدٍ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَ: أَرْسَلَتْ إِحْدى بَنَاتِ النَّبِيِّ عَيْلِيُ إِلَيْهِ تَدْعُوهُ وَتُخْبِرُهُ أَنَّ صَبِيًّا لَهَا أَوْ ابْناً – فِي المَوْتِ فَقَالَ لِلرَّسُولِ اِرْجِعْ إِلَيْهَا فَأَخْبِرْهَا أَنَّ للهِ وَتُخْبِرُهُ أَنَّ صَبِيًّا لَهَا أَعْطَى وَكُلُّ شَيْءٍ عِنْدَهُ بِأَجَلٍ مُسَمّى فَمُرْهَا فَلْتَصْبِرْ وَلْتَحْتَسِبْ وَذكر تمام الحديث متفقٌ عَلَيْهِ

## বাংলা

(১২৯১) উসামাহ ইবনে যায়দ (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কন্যা তাঁকে ডাকার জন্য এবং এ সংবাদ দেওয়ার জন্য দৃত পাঠালেন যে, তাঁর শিশু অথবা পুত্র মরণাপন্ন। অতঃপর তিনি দৃততে বললেন, তুমি তার নিকট ফিরে গিয়ে বল, তা আল্লাহরই—যা তিনি নিয়েছেন এবং যা কিছু দিয়েছেন—তাও তাঁরই। আর তাঁর নিকট প্রতিটি জিনিসের নির্দিষ্ট সময় রয়েছে। অতএব তাকে বল, সে যেন ধৈর্য ধারণ করে এবং নেকীর আশা রাখে। —অতঃপর বর্ণনাকারী পূর্ণ হাদীস বর্ণনা করেছেন।

## ফুটনোট

(বুখারী ১২৮৪, ৬৬৫৫, মুসলিম ২১৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন